

*।। সিক্স সেম ও পার্ট থ্রি ব্লেণ্ডেড (অনলাইন+ অফলাইন) ওপেন বুক পরীক্ষা, ২০২০

সম্বন্ধে মনে রাখার মতো দরকারী কিছু কথা।।*

বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ গাইডলাইন অনুসারে ধারা ১) বৈদ্যুতিন মাধ্যমে পাওয়া প্রশ্নপত্র দেখে ঘরে বসে খাতায়-কলমে উত্তর লিখে বৈদ্যুতিন মাধ্যমে উত্তরপত্র পাঠাতে হবে।... ধারা ৪) কলেজ থেকে প্রতি পরীক্ষার জন্য আলাদা নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডিতে উত্তরপত্র পাঠাতে হবে। সে-জন্য প্রত্যেক পরীক্ষার্থীর নিজস্ব ই-মেল আইডি ও ফোন নং থাকতে হবে।..... ধারা ৮) পরীক্ষার্থীকে নিজের অ্যাডমিট ডাউনলোড করে নিতে হবে। ঠিকঠাক অ্যাডমিট না থাকলে বা অ্যাডমিটে কোনো বিষয়/কোর্সের উল্লেখ না-থাকলে ঐ বিষয়/কোর্সের পরীক্ষায় বসা যাবে না; বসলেও তা বাতিল হবে, ফলাফল আসবে না। ধারা ৯) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে উত্তরপত্রের কভার পেজ বা সামনের পৃষ্ঠার স্কট কপি আগে-ভাগে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। এই ছাপা প্রথম পৃষ্ঠায় ফাঁকা জায়গা/ লাইনগুলোতে পরীক্ষার্থীর রোল নং, রেজি: নং, বিষয়, কোর্স ইত্যাদি তথ্যগুলো লিখতে হবে। এই পৃষ্ঠাটি যন্ত্র সহকারে নির্ভুল পূরণ করতে হবে। না হলে গোটা উত্তরপত্রই বাতিল হবে। ধারা ১০) প্রশ্নপত্রে শুধুমাত্র ১০ ও ৫ পূর্ণমানের প্রশ্ন থাকবে। প্রশ্নপত্র প্রতি পরীক্ষার দিন পরীক্ষার অন্তত আধ ঘন্টা আগে বিশ্ববিদ্যালয় ও কলেজের ওয়েব সাইটে পাওয়া যাবে। ধারা ১১) সিক্স সেমের পরীক্ষাগুলোর সময়সীমা ২/৩ ঘন্টা; পার্ট থ্রির ক্ষেত্রে ৫০ পূর্ণমানে ২ ঘন্টা। ধারা ১২) পরীক্ষার্থী হাতে লেখা উত্তরপত্রের সব পাতাগুলো ক্রমানুসারে সাজিয়ে স্ক্যান করে একটিমাত্র পিডিএফ করে নিজের ই-মেল আইডি থেকে কলেজের নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডিতে পাঠাবে।(পাতাগুলো পরপর এই ক্রমে থাকবে: সবার প্রথমে আগে থেকে ডাউনলোড ও প্রিন্ট নিয়ে পূরণ-করা উত্তরপত্রের সামনের পাতা, তারপর ক্রমে ১,২,৩,৪.....নং পাতা ইত্যাদি। প্রতি পাতার মাথায় রোল নং ও পৃষ্ঠা সংখ্যা লেখা থাকলে সাজানো সহজ হবে। বৈদ্যুতিন মাধ্যমে উত্তরপত্র পাঠানোর সময় পরীক্ষার্থী যেন সাবধানতার সাথে উদ্দিষ্ট ই-মেল আইডি ঠিকঠাক টাইপ করে। পরীক্ষার্থী পরীক্ষা শুরুর আধ ঘন্টা আগে যেমন প্রশ্ন পাবে, তেমনি পরীক্ষা শেষে আধ ঘন্টা সময় পাবে উত্তরপত্রের পিডিএফ পাঠানোর জন্য। ধারা ১৩) পিডিএফ-এর নাম পরীক্ষার্থীর রোল নং দিয়ে হবে এবং পিডিএফ ই-মেলে অ্যাটাচমেন্ট হিসেবে নির্দিষ্ট আইডিতে পাঠাতে হবে। ই-মেলের সাবজেক্ট ফিল্ডে পরীক্ষার বিষয়, কোর্স/পেপার লিখতে হবে। ধারা ১৪) বৈদ্যুতিন মাধ্যমে পাঠানো অসম্ভব হলে, পরীক্ষা শেষে নির্দিষ্ট আধ ঘন্টা সময়ের মধ্যেই পরীক্ষার্থী নিজের কলেজে উত্তরপত্র জমা দিয়ে কলেজের কাছ থেকে প্রাপ্তি-স্বীকৃতি রশিদ অবশ্যই নিয়ে রাখবে। নির্দিষ্ট আধ ঘন্টা সময়ের মধ্যে পাঠাতে/কলেজে জমা করতে না পারলে পরীক্ষার্থী সেদিনের পরীক্ষায় অনুপস্থিত গণ্য হবে। ধারা ১৫) পরীক্ষার্থী যাবতীয় বিধি জেনে ও সততার সাথে মেনে পরীক্ষা দিয়েছে, এই মর্মে একটি ঘোষণার তলায় সই করবে। ঘোষণার বয়ান ডাউনলোড ও প্রিন্ট-নেওয়া উত্তরপত্রের কভার পেজ বা সামনের পাতার তলার দিকে ছাপা রয়েছে। বৈদ্যুতিন মাধ্যমে উত্তরপত্র পাঠানো হলে, পাঠানো মেলের একটি স্ক্রিন-শট পরীক্ষার্থীকে রেখে দিতে হবে। কোনো কারণে ই-মেল ডেলিভারিতে দেরি হলে যথা-সময়ে পাঠানো সংক্রান্ত উদ্ভূত সমস্যা ও বিতর্ক নিরসনে, প্রয়োজনস্থলে, এই স্ক্রিন-শটের উল্লেখ করা যাবে।

কর্তৃপক্ষ
চন্দ্রপুর কলেজ